

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫৪৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৩৮]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫৮: বিনা চাওয়ায় এবং বিনা লোভ-লালসায় যে মাল পাওয়া যাবে তা নেওয়া জায়েয

আরবী

عَن سَالِمِ بِنِ عَبدِ اللهِ بِنِ عُمَرَ، عَن أَبِيهِ عَبدِ اللهِ بِنِ عُمَرَ، عَن عَمَرَ رضي الله عنه، قَالَ: كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم يُعْطِيني العَطَاء، فَأَقُولُ: أَعطِهِ مَنْ هُوَ أَفْقَرُ إِلَيْهِ مِنِّي. فَقَالَ: «خُذْهُ، إِذَا جَاءَكَ مِنْ هَذَا المَالِ شَيْءٌ وَأَنْتَ غَيْرُ مُشْرِفٍ وَلاَ سَائِل، فَخُذْهُ فَتَمَوَّلْهُ، فَإِنْ شِئْتَ كُلْهُ، وَإِنْ شِئْتَ تَصَدَّقْ بِهِ، وَمَا لاَ، فَلاَ تُتبِعهُ نَفْسَكَ » قَالَ سَائِل، فَخُذْهُ فَتَمَوَّلْهُ، فَإِنْ شِئْتَ كُلْهُ، وَإِنْ شِئْتَ تَصَدَّقْ بِهِ، وَمَا لاَ، فَلاَ تَتبِعهُ نَفْسَكَ » قَالَ سَائِل، فَكَانَ عَبدُ الله لاَ يَسأَلُ أَحَداً شَيْئاً، وَلاَ يَرُدُّ شَيْئاً أُعْطِيَه. متفقً عَلَيْهِ

বাংলা

১/৫৪৩। সালেম ইবনে আব্দুল্লাহ ইবনে উমার রাদিয়াল্লাহু □আনহু তাঁর পিতা আব্দুল্লাহ ইবনে উমার থেকে এবং তিনি উমার থেকে বর্ণনা করেন, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে যখন কিছু দান করতেন, তখন আমি বলতাম, 'আমার চেয়ে যে বেশি অভাবী তাকে দিন।' (একদা) তিনি বললেন, "তুমি তা নিয়ে নাও। যখন তোমার কাছে এই মাল আসে, আর তোমার মনে লোভ না থাকে এবং তুমি তা যাচ্ঞাও না করে থাক, তাহলে তা গ্রহণ কর এবং তা নিজের মালের সাথে মিলিয়ে নাও। অতঃপর তোমার ইচ্ছা হলে তা খাও, নতুবা দান করে দাও। এ ছাড়া তোমার মনকে তাতে ফেলে রেখো না।"

সালেম ইবন আব্দুল্লাহ ইবন উমার বলেন, 'এ কারণেই (আমার আব্বা) আব্দুল্লাহ কারো কাছে কিছু চাইতেন না এবং তাঁকে কেউ কিছু দিতে চাইলে তা প্রত্যাখ্যান করতেন না। (বরং গ্রহণ করে নিতেন।)' (বুখারী ও মুসলিম) [1]

English

(58) Chapter: Permissibility of Assistance without Greed

Salim, son of Abdullah bin 'Umar, from his father Abdullah; from 'Umar (May



Allah be pleased with them) reported:

Messenger of Allah (**) would give me some gift, but I would say: "Give it to someone who needs it more than I." Thereupon he (**) would say, "Take it when it comes to you without begging and without greed, and add it to your property. Then use it yourself or give it away in charity. As for the rest, do not covet it." Salim said: 'Abdullah bin 'Umar would never ask anything from anyone, nor would he refuse accepting it when it was given to him.

[Al-Bukhari and Muslim].

Commentary: In this Hadith, three points merit our attention. First, there is an account of the exemplary character of the Companions who became unmindful of their own needs when they saw that somebody else was more needy and deserved assistance. Second, there is an allowance for accepting a gift provided one's heart is free from desire for it. Third, a man is allowed to accumulate wealth but on the condition that he would fulfill his personal and family needs. Besides, he should resolve that he would also spend money on the needy as well as on the lines approved by Allah so as to win His pleasure.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৪৭৩, ৭১৬৪, মুসলিম ১০৪৫, নাসায়ী ২৬০৫, ২৬০৬, ২৬০৭, ২৬০৮, আবূ দাউদ ১৬৪৭, আহমাদ ১০১, ১৩৭, ২৮১, ৩৭৩, দারেমী ১৬৪৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন